

কেরিয়ার হিসাবে কমার্স : অধিকতর কর্মসংস্থানের সুযোগ

কমার্স হোল প্রচলিত শিক্ষাব্যবস্থার এক গতিশীল শাখা যা নানান আর্থিক কর্মকাণ্ড ও প্রকৃত ব্যবসা-বাণিজ্য জগতের সাথে সঙ্গতি রেখে চলে। নিজেদের কেরিয়ারকে বিকশিত করার অনেক সুযোগ এই শাখায় রয়েছে। চার্টার্ড অ্যাকাউন্টেন্টসি, কস্ট অ্যাকাউন্টেন্টসি, কোম্পানী সেক্রেটারী, ম্যানেজমেন্ট প্রভৃতি এই শাখারই ফসল এবং পদমর্যাদা, সামাজিক স্বীকৃতি ও উপার্জনের দিক থেকে এই পেশাগুলিতে কর্মরত ব্যক্তিগণ আজও স্বতন্ত্র। এছাড়াও সাম্প্রতিককালে গৃহীত কিছু সরকারী নীতি কমার্স শাখার ছাত্রছাত্রীদের কর্মসংস্থানের সুযোগ বাড়তে সাহায্য করেছে। তাই উ.মা. কমার্সে পড়া ছাত্রছাত্রীদের পাশাপাশি বিজ্ঞান ও কলা শাখার ছাত্রছাত্রীরা বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী বি.কম. অ্যাকাউন্টেন্টসি অনার্স পড়ে তাদের কেরিয়ারের মোড়কে ঘোরাতে পারে। দেখা গেছে কমার্স কেরিয়ারের সাফল্যের শিখরে যারা পৌঁছেছে তাদের অনেকেই উ.মা. বিজ্ঞান নিয়ে পড়েছে; আবার যথাযথ স্ট্রীম নির্বাচন করতে না পারার দরুন বিজ্ঞান শাখার অনেক ছাত্রছাত্রী তাদের গম্ভব্যস্থলেই পৌঁছাতে পারে নি। তারা কমার্সকে কেরিয়ার হিসাবে বেছে নিলে একটা জায়গা করে নিতে পারত। তেমনি কোন আর্টসের ছাত্র/ছাত্রীও গণনা সংক্রান্ত বিষয়ে একটু আগ্রহ বা প্রবণতা থাকলে সফল কেরিয়ার গড়ার অনেক বিকল্প পাবার জন্য কমার্সে আসতে পারে। উ.মা. পরীক্ষায় গড়ে অন্তত ৪৫শতাংশ নম্বর এবং মাধ্যমিক পরীক্ষায় অঙ্কে অন্তত ৪৫ নম্বর অথবা উ.মা. পরীক্ষায় অঙ্কে পাশ নম্বর পেলেই বিজ্ঞান বা কলা শাখার যে কোন ছাত্র-ছাত্রী বি.কম. অ্যাকাউন্টেন্টসি অনার্স পড়তে পারে। নিম্নলিখিত বিষয়গুলি একটু লক্ষ্য করলে বোঝা যাবে আজকের দিনে কমার্স স্ট্রীমে উচ্চশিক্ষা বা কর্মসংস্থানের সুযোগ কতখানি :

১) **শিক্ষকতার সুযোগ** - স্কুলে শিক্ষকতার পেশা অনেকের কাছেই আকর্ষণীয়। পূর্বে কমার্সের ছাত্রছাত্রীদের কাছে সুযোগ খুবই সীমিত ছিল। কিন্তু ২০১৬সাল থেকে কার্যকর হওয়া WBSSC র নিয়মানুযায়ী কমার্স গ্যাজেটেরাও Upper Primary TET এর মাধ্যমে স্কুলে শিক্ষকতার সুযোগ পাবে, পূর্বে কেবলমাত্র উ.মা. স্তরে শিক্ষকতার সুযোগ ছিল, তা এখনও রয়েছে। এছাড়া রেজাল্ট খুবই ভালো হলে তাদের জন্য কলেজ, বিশ্ববিদ্যালয়, ম্যানেজমেন্ট ইনস্টিটিউটে অধ্যাপনার পথ খোলা থাকছে।

২) **ব্যাঙ্কে বিশেষ সুযোগ**: বর্তমানে কমার্সের ছাত্রছাত্রীদের ব্যাঙ্কে চাকুরীর সুযোগ অনেক বেশী, কারণ ব্যাঙ্কের কিছু পোস্ট কমার্সের জন্য সংরক্ষিত। বি.কমের পর ব্যাঙ্কিং কোর্স/ ট্রেনিং করলে কমার্সের ছাত্রছাত্রীরা সব ধরনের Banking job সহজেই পেতে পারে।

৩) **কেরিয়ার গড়ার বহুবিধ বিকল্প**: অন্যান্য স্ট্রীমের তুলনায় কমার্সের ছাত্রছাত্রীদের উচ্চশিক্ষা/পেশাগত শিক্ষার অনেক বেশী বিকল্প পথ রয়েছে। এম.কম. ছাড়াও C.A, Costing, Company Secretariship, MBA, আধুনিক নানান স্পেশলাইজেশান নিয়ে অনেক রকমের ম্যানেজমেন্ট কোর্স ইত্যাদি করা যায়, যেগুলির চাহিদা আজকের দিনে যথেষ্ট বেশী।

৪) **নতুনভাবে উন্মোচিত কিছু ক্ষেত্র**: অর্থব্যবস্থার আমূল সংস্কার এবং ব্যবসা বানিজ্যের ধরনে ব্যাপক পরিবর্তনের দরুন সাম্প্রতিককালে কিছু নতুন ক্ষেত্র উন্মোচিত হয়েছে, যেমন Accounting Package এর মাধ্যমে হিসাব রাখা, Online Income Tax, GST, e-Commerce এর ক্রমবিকাশ ডিজিটাল মার্কেটিং ইত্যাদির প্রচলন, প্রায় সব কাজে কম্পিউটারের ব্যবহার ইত্যাদি কমার্সের ছাত্রছাত্রীদের কাজের পরিধি ও সুযোগ বাড়তে সাহায্য করেছে।

৫) **জি.এস.টি এবং কর্মসংস্থান**: দেশের কর কাঠামোর আমূল পরিবর্তন ঘটেছে জি.এস.টি (Goods & Services Tax) র হাত ধরে যা শিল্প, ব্যবসা, বাণিজ্য ও পরিষেবা প্রদানকারী সংস্থাগুলির কাছে এক বিরূপ চ্যালেঞ্জ, আর তা মোকাবিলা করার জন্য কমার্স কেরিয়ারের চাহিদা বৃদ্ধি অবশ্যম্ভাবী।

৬) **স্বনিযুক্তির সুযোগ**: অন্য স্ট্রীমের ক্ষেত্রে স্বনিযুক্তির সুযোগ প্রায় নেই বললেই চলে, কিন্তু কমার্সের ছাত্রছাত্রীদের স্বনিযুক্তির অনেক উপায় রয়েছে। যথা Computer Accountant, Tax Consultant, TRP, Online Share Trading, Project Consultant, কম্পিউটার সংক্রান্ত অন্যান্য কাজ ইত্যাদি।

৭) **বর্তমানের বি.কম. সিলেবাস**: সময়ের দাবী মেনে বি.কম. সিলেবাসের আমূল পরিবর্তন হয়েছে। যুগোপযোগী অনেক নতুন বিষয়ের অন্তর্ভুক্তির পাশাপাশি Accounting এবং Taxation এ Practical Paper, Accounting Package ইত্যাদি রয়েছে যা একজন ছাত্র/ছাত্রীকে সাম্প্রতিক কালের উন্মোচিত ক্ষেত্রগুলির জন্য উপযুক্ত করে তুলবে।

৮) **প্রতিযোগিতামূলক পরীক্ষায় সাফল্য**: সর্বোপরি, সরকারী চাকুরির বিভিন্ন রকমের প্রতিযোগিতামূলক পরীক্ষায় কমার্সের ছাত্রছাত্রীদের সাফল্যের হার তুলনামূলক ভালো। W.B. Audit & Accounts Service Exam. একটি অত্যন্ত মর্যাদাপূর্ণ চাকুরীর পরীক্ষা যা কেবলমাত্র কমার্স গ্যাজেটেরাই দিতে পারে।

এইসব কারণে বর্তমানে কমার্সের চাহিদা ক্রমশ বাড়ছে। তাই সায়েন্স এবং আর্টসের যে কোন ছাত্রছাত্রী উপরোক্ত যোগ্যতা পূরণ করলে গড়বেতা কলেজে সীট খালি থাকার অবধি বি.কম অ্যাকাউন্টেন্টসি অনার্সে ভর্তির সুযোগ গৃহণ করতে পারে। কলেজ তার যোগ্য ও অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী দিয়ে সর্বোত্তম ক্লাস, পর্যাপ্ত কম্পিউটারের ব্যবহার, লাইব্রেরীর বই এবং ছাত্রছাত্রীদের উজ্জ্বল ভবিষ্যতের জন্য কেরিয়ার গাইডেন্স সহ যাবতীয় শিক্ষামূলক সুবিধা দেওয়ার ব্যাপারে আশুস্ত করছে।